



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কাপ্তাই, রাঙামাটি পার্বত্য জেলা  
[www.kaptai.rangamati.gov.bd](http://www.kaptai.rangamati.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪০০.২০৮.০১.০৪০.২৩- ৬৭৮

তারিখ: ১২ আবার্দ ১৪৩০  
২৬ জুন ২০২৩

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা পিতা বঙ্গবন্দু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্দু” বিষয়ে এক মিনিটব্যাগী ভিডিও চিত্র তৈরী করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধৰ গর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

**প্রতিযোগিতার নিয়মাবলী**

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুন অবধি ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে ;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্টোন্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে ;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ(নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে ;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে ;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে ;
- ঝ) ভিডিও সম্পাদনের সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয় ;
- ঝঃ) বিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে ;  
এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত কোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর : 0183418300  
ই-মেইল : [ictnoman@gmail.com](mailto:ictnoman@gmail.com)

(নুরুল ইসলাম)  
১৬.৬.২০২৩

উপজেলা নির্বাহী অফিসার  
কাপ্তাই, রাঙামাটি পার্বত্য জেলা  
E-mail:[unokaptai@mopa.gov.bd](mailto:unokaptai@mopa.gov.bd)